



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/27/2025

গভর্নর ক্যাথি হোকল

বিনামূল্যে সহজেই অনলাইন ট্যাক্স ফাইলিং: গভর্নর হোকল সরাসরি ফাইল প্রোগ্রাম এখন থেকে উপলভ্য হওয়ার বিষয়টি ঘোষণা করেছেন

27 জানুয়ারি থেকে কয়েক মিলিয়ন নিউ ইয়র্কবাসীর জন্য বিনামূল্যে অনলাইন ট্যাক্স ফাইলিং শুরু হচ্ছে

টেক্সপেয়ারটা শত শত ডলার ট্যাক্স প্রস্তুতি ফি কমিয়ে আনতে পারবেন

এটি হলো গভর্নরের সামর্থ্যের এজেন্ডার অংশ এবং সরকারি পরিষেবার মান উন্নতির জন্য চলমান প্রচেষ্টা

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ নিউ ইয়র্কবাসীদের ট্যাক্স জমা দেওয়ার ঝামেলা কমিয়ে আনতে নিউ ইয়র্ক স্টেটে ডিরেক্ট ফাইল প্রোগ্রাম ব্যবহারের বিষয়টি বিবেচনা করার আহ্বান জানিয়েছেন। আজ থেকে IRS-এর সাথে যৌথ প্রকল্প উপলভ্য হচ্ছে এবং টেক্সপেয়ারদের তাদের ফেডারেল এবং স্টেটের ট্যাক্স অনলাইনে কোনো খরচ ছাড়াই জমা দেওয়ার সুযোগ প্রদান করে। নিউ ইয়র্ককে আরো সাশ্রয়ী করার জন্য গভর্নর Hochul (হোকল)-এর উদ্যোগের উপর ভিত্তি করে এই প্রোগ্রামটি নিউ ইয়র্কের টেক্সপেয়ারদের গড় ট্যাক্স প্রস্তুতি ফিতে প্রায় 260 ডলার কমিয়ে আনতে সহায়তা করে।

“টেক্স জমা দিতে ডিরেক্ট ফাইল হলো একটি সাধারণ জ্ঞানের পদ্ধতি,” গভর্নর Hochul (হোকল) বলেন। “যদি আপনার একটি বেসিক রিটার্ন থাকে তাহলে আপনি দেখতে পাবেন যে প্রক্রিয়াটি সম্পূর্ণ করা সহজ এবং আপনি ট্যাক্স প্রস্তুতি ফিতে শত শত ডলার সঞ্চয় করতে পারেন।”

ট্যাক্স ডিপার্টমেন্টের ধারণা অনুসারে এই বছর 3.4 মিলিয়ন নিউ ইয়র্কবাসী ডিরেক্ট ফাইল ব্যবহার করতে সক্ষম হবে। আপনি উপযুক্ত কিনা তা জানতে নিউ ইয়র্ক স্টেট ট্যাক্স ডিপার্টমেন্টের ওয়েবপেজটি ভিজিট করুন: <https://www.tax.ny.gov/pit/efile/direct-file/>

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অভ ট্যাক্সেশন অ্যান্ড ফাইন্যান্সের ভারপ্রাপ্ত (New York State Department of Taxation and Finance) কমিশনার Amanda Hiller (আমান্ডা হিলার) বলেন, “ডিরেক্ট ফাইল একটি নিরাপদ, সুরক্ষিত সিস্টেম যেখানে আপনি একটি

স্মার্টফোন বা ডেস্কটপ কম্পিউটার থেকেই অ্যাক্সেস করতে পারেন। উপযুক্ত নিউ ইয়র্কবাসীরা তাদের আয়ের রিটার্ন পূরণের জন্য ফরম পূরণ বা প্রস্তুতকারীকে অর্থ প্রদানের পরিবর্তে সহজ প্রশ্নের উত্তর দিতে পারে।”

নিউ ইয়র্ক 2024 সালে IRS-এর সাথে সরাসরি ফাইল করার বিষয়টি পরীক্ষামূলক পরিচালনা করে। প্রথম বছরে, প্রোগ্রামটি সীমিত সংখ্যক টেক্সপেয়ারদের জন্য সীমিত সময়ের জন্য উন্মুক্ত ছিল। গত বছর প্রায় 14,000 নিউ ইয়র্কবাসী ডিরেক্ট ফাইল ব্যবহার করেছিলেন এবং 96 শতাংশ টেক্সপেয়ার ইতিবাচক অভিজ্ঞতার কথা জানিয়েছেন।

2025 ডিরেক্ট ফাইল প্রোগ্রাম — আজ থেকে উপলভ্য হচ্ছে — যোগ্যতা প্রসারিত করে, আরো ট্যাক্স ক্রেডিট এবং বিভিন্ন ধরনের আয় কভার করে। ট্যাক্স ডিপার্টমেন্টের অনুমান অনুসারে এই বছর 3.4 মিলিয়ন নিউ ইয়র্কবাসী ডিরেক্ট ফাইল ব্যবহার করতে সক্ষম হবেন। একটি যৌথ রিটার্ন দাখিল করলে 2024 সালের বেতন সহ নিউ ইয়র্কবাসীরা 200,000 ডলার বা 250,000 ডলারের উপযুক্ত হতে পারে।

ডিরেক্ট ফাইল হলো নিউ ইয়র্কবাসীদের অর্থ সাশ্রয় এবং সরকারি পরিষেবার উন্নতির ক্ষেত্রে গভর্নর Hochul (হোকল)-এর চলমান প্রচেষ্টার অংশ। তার অর্থ বছর 2026 বাজেটের অংশ হিসাবে গভর্নর Hochul (হোকল) 8.3 মিলিয়ন ডলারেরও বেশি নিউ ইয়র্কবাসীকে প্রায় 1 বিলিয়ন ডলার ট্যাক্স ত্রাণ প্রদানের জন্য মধ্যবিত্তদের টেক্স কমানোর প্রস্তাব করেছিলেন। সম্পূর্ণ কার্যকর করা হলে মধ্যবিত্তদের ট্যাক্স কমানোর ফলে প্রায় 77 শতাংশ ফাইলার, অর্থাৎ প্রতি চারজন ট্যাক্সপেয়ারদের মধ্যে তিনজনের গড়ে কয়েকশত মার্কিন ডলার সাশ্রয় হবে। এছাড়াও গভর্নর Hochul (হোকল) নিউ ইয়র্কের প্রথমবারের মতো মূল্যস্ফীতি ফেরত প্রস্তাব করেছেন যা 8.6 মিলিয়ন করদাতার পকেটে 3 বিলিয়ন ডলার ফিরিয়ে দেবে। যেসব জয়েন্ট ফাইলাররা 300,000 মার্কিন ডলার বা কম আয় করেন তারা 500 মার্কিন ডলার পেমেন্ট পাবে এবং 150,000 মার্কিন ডলার বা কম আয় করা নিউ ইয়র্কের সকল সিঙ্গেল ট্যাক্সপেয়ার 300 মার্কিন ডলার পেমেন্ট পাবে। গভর্নর Hochul (হোকল) নিউ ইয়র্কের চাইল্ড ট্যাক্স ক্রেডিট-এর একটি বিশাল সম্প্রসারণেরও প্রস্তাব করেছেন যা অনেক ক্ষেত্রে বর্তমান ক্রেডিটকে দ্বিগুণ বা তিনগুণ করবে, চার বছরের কম বয়সী শিশু প্রতি বার্ষিক 1,000 ডলার এবং চার থেকে 16 বছর বয়সী শিশু প্রতি 500 ডলার পর্যন্ত অফার করবে। এটি ক্রেডিটের ইতিহাসে সবচেয়ে বড় সমৃদ্ধিকে চিহ্নিত করে এবং উল্লেখযোগ্যভাবে প্রতিটি শিশুর জন্য বর্তমানে সর্বোচ্চ 330 ডলার ছাড়িয়ে গেছে।

গভর্নরের সামর্থ্যের এজেন্ডা সম্পর্কে আরো তথ্যের জন্য দেখুন:

<https://www.governor.ny.gov/programs/making-new-york-state-more-affordable>

ডিরেক্ট ফাইল বিষয়ে আরো তথ্য জানতে নিউ ইয়র্ক স্টেট ট্যাক্স ডিপার্টমেন্টের ওয়েবপেজটি ভিজিট করুন: <https://www.tax.ny.gov/pit/efile/direct-file/>

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

[আনসাবস্ক্রাইব করুন](#)